

QS র্যাংকিং আবেদন না করায় জবি প্রশাসনের বিরুদ্ধে বাগচাসের ক্ষেত্র

কামরুজ্জামান কায়েস, কন্ট্রিবিউটিং
রিপোর্টার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ২১:২৯, ২৭ জুন ২০২৫



আন্তর্জাতিক স্বীকৃত QS World University Rankings-এ জগন্নাথ
বিশ্ববিদ্যালয়ের (জবি) কোনো অবস্থান না থাকায় বিশ্ববিদ্যালয়
প্রশাসনের বিরুদ্ধে তীব্র ক্ষেত্র ও জবাবদিহির দাবি জানিয়েছে
বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদ (বাগচাস), জবি শাখা।

শুক্রবার (২৭ জুন) সংগঠনের মুখ্যপাত্র কামরুল হাসান রিয়াজের
স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে তারা এ ক্ষেত্র প্রকাশ করেন।

বিবৃতিতে বলা হয়, দায়িত্বহীনতা ও অবহেলার কারণেই QS
র্যাংকিংয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় অংশগ্রহণের জন্য কোনো
আবেদনই করা হয়নি। এটি অত্যন্ত দুঃখজনক ও হতাশাজনক।
র্যাংকিংয়ে অংশ না নেওয়া শুধু একটি প্রশাসনিক ব্যর্থতা
নয় বরং এটি বিশ্ববিদ্যালয়ের সার্বিক অগ্রগতি, আন্তর্জাতিক

স্বীকৃতি এবং শিক্ষার্থীদের উচ্চশিক্ষা, গবেষণা ও স্কলারশিপের সুযোগ থেকে বঞ্চিত হওয়ার জন্য একটি বড় বাধা।

বিবৃতিতে আরো বলা হয়, “এই অবহেলা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। এ বিষয়ে যারা দায়িত্বে ছিলেন, তাদের চিহ্নিত করে অবিলম্বে জবাবদিহির আওতায় আনতে হবে। অন্যথায় শিক্ষার্থীদের নিয়ে কঠোর কর্মসূচিতে যেতে আমরা বাধ্য হব।”

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এ ধরনের প্রশাসনিক গাফিলতির শিকার হতে প্রস্তুত নয়। দ্রুত তদন্ত ও দোষীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা না নিলে তারা বৃহত্তর আন্দোলনের ডাক দেবে বলেও হাঁশিয়ারি উচ্চারণ করে সংগঠনটি।
